# মডেল টেস্ট-০৬

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১. **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ:** ১ × ৫০ = ৫০

১. **অনিকের বন্ধু তার চরম ক্ষতি করলেও অনিক তাকে ক্ষমা করে দেয়। অনিকের মধ্যে আল্লাহর কোন গুণটির বহিঃপ্রকাশ ঘটেছে?**
ক. আল্লাহু গফুর খ. আল্লাহু হালীম
গ. আল্লাহু বাসির ঘ. আল্লাহু কাদীর

২. **কবরে জাহান্নামিদের কঠিন শাস্তি দেওয়া হবে। কীভাবে চললে আমরা কবরের আজাব থেকে রক্ষা পাব?**
ক. নিজের খেয়াল খুশিমতো চললে
খ. নবির নির্দেশ মেনে চললে
গ. প্রতিবেশীর নির্দেশ মেনে চললে
ঘ. নেতার নির্দেশ মেনে চললে

৩. **মানুষের অবাধ্যতা যখন চরমে পৌঁছাবে ও আল্লাহর নাম নেওয়ার মতো কেউ থাকবে না, তখন কী হবে?**
ক. মিযান খ. হাশর
গ. কিয়ামত ঘ. সওয়াল-জওয়াব

৪. **আমরা প্রায় প্রতিদিনই মানুষের মৃত্যুর সংবাদ শুনি। এ ধরনের সংবাদ আমাদের কী মনে করিয়ে দেয়?**
ক. জিহাদের কথা খ. আখিরাতের কথা
গ. ফেরেশতাদের কথা ঘ. ধন-সম্পদের কথা

৫. **তোমাদের বাড়ির আশ-পাশের খালবিল ও পুকুরের পানি তোমরা নিয়মিত ব্যবহার কর। এজন্য তোমাদেরকে কোন বিষয়ে খেয়াল রাখতে হবে?**
ক. পানি যাতে বিশুদ্ধ থাকে
খ. পানি যেন অন্য কেউ না নিয়ে যায়
গ. পানিতে যেন সূর্যের আলো না পড়ে
ঘ. পানিচক্র যেন না ঘটে

৬. **তোমাদের বিদ্যালয়ের নলকূপের যে পানি তোমরা পান কর, তা মূলত কী ধরনের পানি?**
ক. নদীনালার পানি খ. পুকুরের পানি
গ. বৃষ্টির পানি ঘ. মাটির নিচে জমা পানি

৭. **যা আমরা দেখতে পাই, সেগুলো আল্লাহ সৃষ্টি করেছেন। আর যেগুলো দেখতে পাই না সেগুলো কে সৃষ্টি করেছেন?**
ক. কেউ তা জানে না খ. ভিন গ্রহের প্রাণিরা
গ. মহান আল্লাহ
ঘ. দেখা যায় না এমন সৃষ্টি নেই

৮. **প্রত্যেক জাতির হেদায়েতের জন্য পথপ্রদর্শক এসেছেন। মহান আল্লাহর প্রেরিত এ ধরনের প্রথম পথপ্রদর্শক কে ছিলেন?**
ক. হযরত আদম (আ) খ. হযরত ইবরাহিম (আ)
গ. হযরত ঈসা (আ) ঘ. হযরত মুহাম্মদ (স)

৯. **এমন এক সময় আসবে যখন সূর্য শীতল হয়ে যাবে, চাঁদের আলো থাকবে না। তখন পৃথিবী এবং এর সবকিছু ধ্বংস হয়ে যাবে। এখানে কোন দিনের কথা বলা হয়েছে?**
ক. কিয়ামতের দিন
খ. হাশরের দিন
গ. জীবনের শেষ দিন
ঘ. কবরে যাওয়ার প্রথম দিন

১০. **মানুষ চিরকাল জীবিত থাকে না। মৃত্যুর পরবর্তী জীবনকে আখিরাত বলে। এ জীবনের প্রথম ধাপ কবর। এ ধাপে কয়টি প্রশ্ন করা হবে?**
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

১১. **আল্লাহ প্রত্যেক জাতির জন্য পথ প্রদর্শক প্রেরণ করেন—**
ক. শাসন করার জন্য
খ. শিক্ষিত করার জন্য
গ. যুদ্ধ পরিচালনার জন্য
ঘ. তাওহীদের বাণী প্রচারের জন্য

১২. **প্রকৃত দীন বলতে তুমি কী বোঝ?**
ক. আল্লাহর দেওয়া জীবনব্যবস্থা
খ. সুন্দর চরিত্র
গ. ধর্মের বিভিন্ন আনুষ্ঠানিকতা
ঘ. জায়েয-নাজায়েযের শিক্ষা

১৩. **হাশেম সাহেব আগামী বছর হজ করতে যাবেন। ইবাদত করতে গিয়ে প্রধান কয়টি কাজ করবেন?**
ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি

১৪. **মহান আল্লাহ হযরত ইবরাহিম (আ)কে তাঁর পুত্রকে কুরবানি করার আদেশ দিলেন। পুত্রটির নাম কী ছিল?**
ক. হযরত হারুন (আ) খ. হযরত সুলাইমান (আ)
গ. হযরত ইসমাঈল (আ) ঘ. হযরত ইউসুফ (আ)

১৫. **হযরত ইসমাঈল (আ) বাবার কথায় কুরবানি হতে রাজি হয়েছিলেন। এর কারণ কী বলে তুমি মনে কর?**
ক. তিনি ছিলেন অত্যন্ত সাহসী
খ. তার বাবাকে সম্মানিত করার জন্য
গ. তিনি জানতেন তাকে কুরবানি দেওয়া হবে না
ঘ. তিনি ছিলেন আল্লাহর প্রতি একান্ত অনুগত

১৬. **তোমার ভাইয়ের জন্মের ৭ দিন পর তার কল্যাণ কামনায় হালাল পশু জবাই করা হলো। এই পশু জবাইকে কী বলা হয়?**
ক. কুরবানি খ. ঈদ
গ. যাকাত ঘ. আকিকা

১৭. **আজ জিলহজ মাসের ১০ তারিখ। আজকের পর কতদিন পর্যন্ত কুরবানি করা যাবে?**
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার

১৮. **আল্লাহর অনুশাসন পালনে বিশেষ যোগ্যতা ও অনুশীলনের প্রয়োজন। তা গড়ে তোলা যায় কীসের মাধ্যমে?**
ক. সালাত খ. যাকাত
গ. হজ ঘ. সাওম

Teachingbd.com

১৯. কোন ইবাদতকে ইসলামের ধনী-গরিবের মধ্যে সেতু বন্ধনের সাথে তুলনা করা হয়েছে?
ক. যাকাত খ. সাওম
গ. সালাত ঘ. ফিতনা

২০. আ. সালামের সকল ঋণ পরিশোধ করে বছর শেষে তার কাছে এক লক্ষ টাকা রইল। তাকে কী পরিমাণ যাকাত দিতে হবে?
ক. ২৫০ টাকা খ. কিছু টাকা দিলে চলবে
গ. ১০০০ টাকা ঘ. ২৫০০ টাকা

২১. জান্নাত লাভের আশায় তুমি কী কাজ করবে?
ক. দরবেশদের অনুসরণ করবো
খ. দেশের রাজার কথা মেনে চলবো
গ. সমাজের নেতাদের কথা মেনে চলবো
ঘ. আল্লাহ ও নবি-রাসুলের কথা মেনে চলব

২২. হাসিবা তার ঘরের বিড়ালটিকে লাঠি দিয়ে আঘাত করে। এতে প্রকাশ পেয়েছে—
ক. সৃষ্টির অমর্যাদা খ. জীবের প্রতি নিষ্ঠুরতা
গ. কঠোর মনোভাব ঘ. অন্যায় আচরণ

২৩. রাবেয়া একটি দামি হাতঘড়ি শ্রেণিকক্ষে পেয়ে খুঁজে খুঁজে ঘড়িটির মালিককে তা ফেরত দেয়। রাবেয়ার এ কাজটিতে প্রকাশ পেয়েছে—
ক. দেশপ্রেম খ. সামাজিকতা
গ. আতিথেয়তা ঘ. সততা

২৪. রাস্তার পাশে ড্রেনে একটি কাকের বাচ্চা পড়ে গেল। বাচ্চাটি নিজে উঠতে পারছে না। মা পাখিটা তার কাছে চিৎকার করছে। তুমি বাচ্চাটিকে তুলে দিলে। এটি কোন ধরনের কাজ করলে?
ক. পাখির সেবা খ. সৃষ্টির সেবা
গ. জীব সেবা ঘ. মানব সেবা

২৫. একটি ডানা ভাঙ্গা পাখি গাছের নিচে দেখতে পেলে তুমি কী করবে?
ক. গাছের ডালে রাখবে খ. জবাই করবে
গ. দেখে চলে যাবে ঘ. সেবা করবে

২৬. মহানবি (স) শত্রুদের হাতের মুঠোয় পেয়েও কোনো প্রতিশোধ নেননি। এটি কোন ঘটনার ইঙ্গিত?
ক. সিরিয়া হিজরত খ. মদিনায় হিজরত
গ. মক্কা বিজয় ঘ. মদিনার সনদ

২৭. মক্কাবাসী মহানবি (স) এর কোন আদর্শে মুগ্ধ হয়ে দলে দলে ইসলাম গ্রহণ করেছিলেন?
ক. ক্ষমা খ. প্রতিভা
গ. আচরণ ঘ. ব্যবহার

২৮. মক্কা ছেড়ে মদিনায় যাওয়ার সময় মহানবি (স)-এর অশ্রু ঝরেছিল কেন?
ক. অত্যাচারের কথা মনে করে
খ. আঘাত পেয়েছিলেন
গ. দেশের মমত্ববোধের কারণে
ঘ. আত্মীয়-স্বজনের জন্য

২৯. প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে রক্ষার জন্য সহপাঠীদের কী পরামর্শ দেবে?
ক. শুকনা খাবার মজুদ রাখতে
খ. নিয়মিত বাড়ির কাজ করতে
গ. বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে
ঘ. দুর্যোগ সম্পর্কে চিন্তা করতে নিষেধ করবে

৩০. ইমাম সাহেব মাগরিবের নামাজের দ্বিতীয় রাকআতে কুরআনের সবচেয়ে ছোট সূরা তিলাওয়াত করলেন। তিনি কোন সূরা তিলাওয়াত করলেন?
ক. ইখলাস খ. কাউসার
গ. কুরাইশ ঘ. ফীল

৩১. কুরআন মজিদের হেফাজতকারী কে?
ক. নবি-রাসুল খ. আল্লাহ তায়ালা
গ. ফেরেশতা ঘ. সকল মুসলমান

৩২. আবু আবদুল্লাহ মুহম্মদ ইবনে তাইফুর (র) কুরআন মজিদে সর্বপ্রথম বিরামচিহ্ন ব্যবহার করেন। এতে বিরাম চিহ্ন ব্যবহারের উদ্দেশ্য কী?
ক. কুরআন তিলাওয়াতে সুবিধার জন্য
খ. শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করা
গ. সহজে কুরআন শিক্ষা লাভ করা
ঘ. আরবি হরফগুলো চেনা

৩৩. হযরত ইবরাহীম (আ)-কে অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হওয়ার ঘটনাটি থেকে তুমি কোন গুণটি শিখতে পার?
ক. ধৈর্য খ. সততা
গ. নমনীয়তা ঘ. মহানুভবতা

৩৪. হযরত সুলায়মান (আ) আল্লাহর হুকুমে বায়তুল মুকাদ্দাস নির্মাণ কাজ তদারকি করেন। স্থাপনাটি কোথায় অবস্থিত?
ক. বেথেলহামে খ. জেরুজালেমে
গ. বাবেল শহরে ঘ. মদিনায়

৩৫. মহান আল্লাহর কুদরতে হযরত ঈসা (আ) পিতা ছাড়াই জন্মগ্রহণ করেন। তিনি কার গর্ভে জন্মগ্রহণ করেন?
ক. হযরত মরিয়ম (আ) খ. হযরত আসিয়া (আ)
গ. হযরত খাদিজা (আ) ঘ. হযরত সাওদা (রা)

৩৬. তুমি কি জান ঝড় থেকে রক্ষার জন্য নূহ (আ) কী ব্যবস্থা নিয়েছিলেন?
ক. নৌকা বানিয়েছিলেন খ. ঘর তৈরি করেছিলেন
গ. পাহাড়ে উঠেছিলেন ঘ. গাছে উঠেছিলেন

৩৭. ইরাকের একটি শহর ইবরাহীম (আ)কে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করার ঘটনার জন্য বিখ্যাত, শহরটির নাম কী?
ক. মদিনা খ. হেজাজ
গ. বাবেল ঘ. বাইতুল লাহাম

৩৮. হযরত ইবরাহিম (আ) আল্লাহ কর্তৃক আদিষ্ট হয়ে তার পুত্রকে কুরবানি করেন। এ ঘটনা থেকে আমরা কী শিক্ষা পাই?
ক. আল্লাহর আনুগত্যের খ. পশু কুরবানির
গ. আল্লাহর আনুগত্য ও আত্মত্যাগের
ঘ. আত্মসমর্পণের

৩৯. ইসলাম শিক্ষা ক্লাসে শিক্ষক ছাত্রদেরকে মদিনা সনদ সম্পর্কে বললেন— পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম সংবিধান হলো মদিনা সনদ। এ সনদের ধারা ছিল—
ক. ৪৬টি খ. ৪৭টি
গ. ৪৮টি ঘ. ৪৯টি

৪০. বদর যুদ্ধে বন্দি কাফিরদের মধ্যে কিছু সংখ্যক ছিল শিক্ষিত। মহানবি (স) এ ধরনের বন্দীদের কীভাবে মুক্তি দিয়েছিলেন?
ক. পাঁচ বছর দাস হিসেবে থাকার শর্তানুসারে
খ. মুসলিম সৈন্যদের অস্ত্রশিক্ষা দেওয়ার বিনিময়ে
গ. দশ জন নিরক্ষর মুসলিমকে শিক্ষিত করার বিনিময়ে
ঘ. ইসলাম ধর্ম গ্রহণ করার শর্তানুসারে

Teachingbd.com

**৪১. সালামের মাধ্যমে কোন ইবাদত শেষ করবে?**
ক. হজ খ. যাকাত
গ. সালাত ঘ. সাওম

**৪২. সালাতের ওয়াজিব কয়টি?**
ক. ১০টি খ. ১২টি গ. ১৪টি ঘ. ১৫টি

**৪৩. দেশপ্রেম কাকে বলে?**
ক. দেশে বাস করা খ. দেশকে দেখা
গ. দেশকে ভালোবাসা ঘ. দেশের গান করা

**৪৪. দেশপ্রেম কীসের অঙ্গ?**
ক. ইসলামের খ. ইহসানের
গ. ইমানের ঘ. ইখলাসের

**৪৫. কোন আসমানি কিতাব এখনও অপরিবর্তিত অবস্থায় আছে?**
ক. তাওরাত খ. যাবূর
গ. ইনজিল ঘ. কুরআন

**৪৬. মাখরাজ কতটি?**
ক. ১২টি খ. ১৭টি
গ. ২৯টি ঘ. ১৯টি

**৪৭. হযরত ইবরাহিম (আ.) এর পিতার নাম কী?**
ক. আযম খ. হাতেম
গ. আজর ঘ. আমর

**৪৮. মদিনা সনদে কয়টি ধারা ছিল?**
ক. ১৭টি খ. ২৭টি
গ. ৩৭টি ঘ. ৪৭টি

**৪৯. 'হালিমুন' শব্দের অর্থ কী?**
ক. ধৈর্যশীল খ. সহনশীল
গ. ক্ষমাশীল ঘ. দয়াশীল

**৫০. কাদিরুন শব্দের অর্থ কী?**
ক. সর্বশক্তিমান খ. সর্বদ্রষ্টা
গ. সৃষ্টিকর্তা ঘ. সর্বশ্রোতা

**২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ:** ১× ১৫ = ১৫

ক. আমরা কী বলে আল্লাহর শোকর আদায় করব?
খ. তুমি আল্লাহর পছন্দনীয় কাজ করতে চাও। এক্ষেত্রে তুমি কী করবে?
গ. মুসলমানদের জীবনে এমন একটি দিন আছে যে দিন ইবরাহিম (আ)কে স্মরণ করে পশু কুরবানি করা হয়। সে দিনটির নাম কী?
ঘ. খাইরুল সালাতে বেশি সওয়াব পেতে চায়। এক্ষেত্রে তার কোন কাজটি করতে হবে?
ঙ. মনে কর তোমাকে কেউ নির্যাতন করল, রাসুল (স) এর আদর্শ অনুযায়ী তুমি তার প্রতি কেমন আচরণ করবে?
চ. আবির জাহান্নাম থেকে মুক্তি পেতে চান। এক্ষেত্রে তাকে কী করতে হবে?
ছ. রমযান মাসে এশার নামাজের সাথে তুমি কত রাকাআত অতিরিক্ত নামাজ আদায় করবে?
জ. শান্তির ধর্ম হিসেবে তুমি কোনটি অনুসরণ করবে?
ঝ. আমরা প্রতিদিন শ্বাস নিয়ে থাকি। এসময় কোন বায়ু গ্রহণ করি?
ঞ. সালাতের ভেতরে কতগুলো ফরজ কাজ আছে। এগুলোকে সালাতের কী বলে?
ট. হজের ফরজ কয়টি?
ঠ. সর্বশেষ আসমানি কিতাব কোনটি?
ড. কণ্ঠনালির হরফ কয়টি?
ঢ. মানব জাতির আদিপিতা কে?
ণ. ইসলামের খুঁটি কয়টি?

**৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও:** ৫ × ৭ = ৩৫

ক. তোমার গ্রামের চেয়ারম্যান তোমাদের এলাকার সকল সম্প্রদায়ের লোকদের মিলেমিশে থাকার পরামর্শ দিয়েছেন। মহানবি (স)ও এমন একটি নীতি গ্রহণ করেছিলেন। নীতিটির নাম কী? এর কতটি ধারা ছিল? এর প্রধান তিনটি ধারা উল্লেখ কর। ১+১+৩ =৫
খ. আমার বাবা এমন একটি সূরার অর্থ পড়ছিলেন, যে সূরায় হাতিওয়ালাদের কাহিনী আছে। এ সূরার নাম কী? এ সূরার আয়াত সংখ্যা কত? এ সূরার প্রথম ৩ আয়াতের অর্থ লেখ। ১+১+৩=৫
গ. মাহিম পিতামাতার খেদমত করে। সে তাদের খেদমত কীভাবে করে? পাঁচটি বাক্যে লেখ। ৫
ঘ. আমাদের পরিচ্ছন্ন থাকা উচিত কেন? তুমি কীভাবে পরিচ্ছন্ন থাকবে চারটি বাক্যে লেখ। ১+৪ = ৫
ঙ. কে আমাদের প্রকাশ্য ও গোপন বিষয়গুলো দেখেন। তিনি দেখেন এমন চারটি বিষয়ের নাম লেখ। ১+৪ =৫
চ. বন্যা-ঝড়-বৃষ্টির সময় ইমাম সাহেব সবাইকে বললেন, ভয় পেওনা আল্লাহ আমাদের রক্ষা করবেন। যেমনিভাবে আমাদের এক নবিকে তিনি প্লাবন থেকে বাঁচিয়েছিলেন। তিনি কোন নবির প্রতি ইঙ্গিত করলেন? সে নবি কত বছর পৃথিবীতে আল্লাহর দীনের দাওয়াত দেন? তিনি যে বিষয়ে দাওয়াত দেন তার মধ্যে ৩টি বিষয় লেখ। ১+১+৩=৫
ছ. আমার বাবা এমন একটি সূরার অর্থ পড়ছিলেন, যে সূরায় হাতিওয়ালাদের কাহিনী আছে। এ সূরার নাম কী? এ সূরার আয়াত সংখ্যা কত? এ সূরার প্রথম ৩ আয়াতের অর্থ লেখ। ১+১+৩=৫
জ. তোমার সালাতের ভিতরে কোনো ওয়াজিব বাদ পড়ে গেল। এ অবস্থায় তুমি কী করবে? এটি কেন করা হয়? এটি আদায়ের নিয়ম লেখ। ১+১+৩
ঝ. আল্লাহ তায়ালার ৫টি গুণের নাম বাংলা অর্থসহ আরবিতে লেখ। ৫
ঞ. সারা বিশ্বের পালনকর্তা কে? তাঁর লালন-পালনের পদ্ধতি চারটি বাক্যে লেখ। ১+৪=৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ক. আল্লাহু গফুর; ২. খ. নবির নির্দেশ মেনে চললে; ৩. গ. কিয়ামত; ৪. খ. আখিরাতের কথা; ৫. ক. পানি যাতে বিশুদ্ধ থাকে; ৬. ঘ. মাটির নিচে জমা পানি; ৭. গ. মহান আল্লাহ; ৮. ক. হযরত আদম (আ); ৯. ক. কিয়ামতের দিন; ১০. খ. ৩টি; ১১. ঘ. তাওহীদের বাণী প্রচারের জন্য; ১২. ক. আল্লাহর দেওয়া জীবনব্যবস্থা; ১৩. ঘ. ৬টি; ১৪. গ. হযরত ইসমাঈল (আ); ১৫. ঘ. তিনি ছিলেন আল্লাহর প্রতি একান্ত অনুগত; ১৬. ঘ. আকিকা; ১৭. খ. দুই; ১৮. ক. সালাত; ১৯. ক. যাকাত; ২০. ঘ. ২৫০০ টাকা; ২১. ঘ. আল্লাহ ও নবি-রাসুলের কথা মেনে চলব; ২২. খ. জীবের প্রতি নিষ্ঠুরতা; ২৩. ঘ. সততা; ২৪. খ. সৃষ্টির সেবা; ২৫. ঘ. সেবা করবে; ২৬. গ. মক্কা বিজয়; ২৭. ক. ক্ষমা; ২৮. গ. দেশের মমত্ববোধের কারণে; ২৯. ক. শুকনা খাবার মজুদ রাখতে; ৩০. খ. কাউসার; ৩১. খ. আল্লাহ তায়ালা; ৩২. খ. শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করা; ৩৩. ক. ধৈর্য; ৩৪. ক. বেথেলহামে; ৩৫. ক. হযরত মরিয়ম (আ); ৩৬. ক. নৌকা বানিয়েছিলেন; ৩৭. গ. বাবেল; ৩৮. গ. আল্লাহর আনুগত্য ও আত্মত্যাগের; ৩৯. খ. ৪৭টি; ৪০. গ. দশ জন নিরক্ষর মুসলিমকে শিক্ষিত করার বিনিময়ে; ৪১. গ. সালাত; ৪২. গ. ১৪টি; ৪৩. গ. দেশকে ভালোবাসা; ৪৪. গ. ঈমানের; ৪৫. ঘ. কুরআন; ৪৬. খ. ১৭টি; ৪৭. গ. আজর; ৪৮. ঘ. ৪৭টি; ৪৯. খ. সহনশীল; ৫০. ক. সর্বশক্তিমান।

২. ক. আমরা আলহামদুলিল্লাহি রাব্বিল আলামিন বলে আল্লাহর শোকর আদায় করব।

খ. এক্ষেত্রে আমি আল্লাহর আইন ও বিধানের পরিপূর্ণ জ্ঞান অর্জন করে সে অনুযায়ী জীবন পরিচালনা করব।

গ. ঈদুল আজহা।

ঘ. জামাআতের সাথে সালাত আদায়।

ঙ. রাসুল (স)-এর আদর্শ অনুযায়ী আমি তাকে ক্ষমা করে দেব।

চ. জাহান্নাম থেকে মুক্তির জন্য আবিরকে সমস্ত পাপ কাজ থেকে বিরত থাকতে হবে

ছ. ২০ রাকাত।

জ. ইসলাম

ঝ. অক্সিজেন

ঞ. আরকান বলে।

ট. কুরআন।

ঠ. যর মধ্যে সততা আছে, তাকে সৎব্যক্তি বলে।

ড. কণ্ঠনালির হরফ ৬টি

ঢ. হযরত আদম (আ)

ণ. ইসলামের খুঁটি পাঁচটি।

Teachingbd.com